



ঢাকা মাতাতে ফিরছে জনপ্রিয় পাকিস্তানি ব্যান্ড ‘জাল’



সংগৃহীত ছবি

বাংলাদেশের ভক্তদের জন্য নতুন সুখবর। জনপ্রিয় পাকিস্তানি ব্যান্ড ‘জাল’ আবারো ঢাকায় কনসার্ট করতে আসছে। সামাজিক মাধ্যমে এ খবর নিশ্চিত করেছেন ব্যান্ডের ভোকালিস্ট গওহর মমতাজ।

ঢাকায় তাদের প্রথম কনসার্টের সফলতার পর আবারো দর্শকদের মুগ্ধ করতে আসছে পাকিস্তানের জনপ্রিয় ব্যান্ড ‘জাল’। শুক্রবার (১৭ অক্টোবর) সামাজিক মাধ্যমে গওহর মমতাজ নিজেই এই খবর জানান।

গওহর মমতাজের ফেসবুক স্টোরিতে দেখা যায় ঢাকার শহরের চিত্রের সঙ্গে লেখা, “ঢাকা, তোমরা প্রস্তুত?” পরের স্টোরিতে বাংলাদেশি পতাকার আবহে একটি এআই-নির্মিত অ্যানিমেশন শেয়ার করা হয়েছে, যেখানে ব্যান্ড গিটার বাজিয়ে পারফর্ম করছে। ছবিতে লেখা ছিল, “ঢাকা, আর ইউ রেডি? গওহর মমতাজ ও জাল ব্যান্ড আসছে। দেখা হবে শীঘ্রই।” এই কনসার্ট হবে ‘জাল’-এর ঢাকায় তৃতীয় পারফরমেন্স। যদিও আয়োজকের নাম এখনো ঘোষণা করা হয়নি, ঢাকার একটি প্রতিষ্ঠানের পক্ষ থেকে খবরটি নিশ্চিত করা হয়েছে। শিগগিরই কনসার্টের তারিখ ও স্থান সম্পর্কে আনুষ্ঠানিক ঘোষণা আসার কথা রয়েছে।

২০০২ সালে আতিফ আসলাম ও গওহর মমতাজের নেতৃত্বে যাত্রা শুরু করা ‘জাল’ ব্যান্ডের প্রথম অ্যালবাম ‘আদাত’ (২০০৪) শ্রোতাদের মধ্যে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করে। বর্তমানে ব্যান্ডের সদস্যরা হলেন গওহর মমতাজ, আমির আজহার ও সালমান আলবার্ট।